



নেত্রকোণা : চাকরি সরকারিকরণের দাবিতে বিক্ষোভ মিছিল করেন শিক্ষকগণ

রেজিস্টার্ড বেসরকারি শিক্ষকদের চাকরি সরকারিকরণের দাবি শিক্ষকদের বিক্ষোভ, মানববন্ধন

■ নেত্রকোণা প্রতিনিধি
রেজিস্টার্ড বেসরকারি শিক্ষকদের চাকরি সরকারিকরণের দাবিতে গতকাল সোমবার নেত্রকোণা জেলার প্রাথমিক শিক্ষক-শিক্ষিকারা নেত্রকোণা শহরে বিক্ষোভ মিছিল এবং মানববন্ধন কর্মসূচি পালন করেন। পরে তারা নেত্রকোণা জেলা প্রশাসকের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী বরাবরে দাবি সম্বন্ধিত স্মারকলিপি প্রদান করেন।
গতকাল সোমবার সকালে নেত্রকোণা মহা অডিটোরিয়াম থেকে মিছিল শুরু হয় এবং মিছিলটি সারা শহর প্রদক্ষিণ করে জেলা প্রশাসক অফিস প্রাঙ্গণে তাদের দাবি বাস্তবায়নের জন্য মানববন্ধন করেন। মানববন্ধন শেষে তারা জেলা প্রশাসক বরাবরে স্মারকলিপি প্রদান করেন। তারা স্মারকলিপিতে বলেন, ২০১১ সালের ১৯ মে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি সরকারিকরণ করা হচ্ছে বলে তখন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রীর বরাত দিয়ে পত্র-পত্রিকায় খবর প্রকাশিত হয়েছিল। কিন্তু আজো তা বাস্তবায়িত হয় নাই। তারা আরো বলেন, ১০/১৫ বছর যাবৎ চাকরি করলেও তাদের চাকরি সরকারিকরণ করা হচ্ছে না। তারা আগামী ২৩ এপ্রিলের মধ্যে তাদের চাকরি সরকারিকরণের

জন্য তারা সরকারের নিকট দাবি জানান। অন্যথায় কঠোর আন্দোলন করা হবে তারা উল্লেখ করেন। সেখানে বক্তব্য রাখেন বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ রহিম উদ্দিন খান এবং সম্পাদক মোঃ আবুল বাসার আবুল কালাম।
মেহেরপুর প্রতিনিধি জানান, সোমবার দুপুরে মেহেরপুর জেলা বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি তাদের চাকরি জাতীয়করণের দাবিতে মেহেরপুর পৌর রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি জেলা শহর প্রদক্ষিণ করে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে সমাবেশ করে। সমাবেশে জেলা সভাপতি মকবুল হোসেনের সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা সাধারণ সম্পাদক কেতাবউদ্দিন, সহ-সভাপতি ইকবাল হোসেন, সাংগঠনিক সম্পাদক আবু লায়েছ লাবলু, সদর উপজেলা বেসরকারি শিক্ষক সমিতির সভাপতি কোমরউদ্দিন, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, কোষাধ্যক্ষ নুরুল গনি প্রমুখ। সমাবেশ শেষে প্রধানমন্ত্রী বরাবরে একটি স্মারকলিপি মেহেরপুর জেলা প্রশাসক সাহান আরা বাসুর হাতে প্রদান করেন।